



প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: বাংলাদেশ থেকে দক্ষ কর্মী নিয়োগ ও দ্বিপাক্ষীয় বাণিজ্য বিষয়ে রাশিয়ার তিউমেন অঞ্চলের গভর্নরের সাথে রাশিয়ান ফেডারেশনে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূতের সফল বৈঠক।

০৪ ডিসেম্বর ২০২৩খ্রি.

রাশিয়ার তিউমেন অঞ্চলের গভর্নর মি: আলেকজান্ডার মুর এর আমন্ত্রণে গত ২৯/১১/২০২৩ হতে ০২/১২/২০২৩ তারিখ পর্যন্ত রাশিয়ান ফেডারেশনে বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূত কামরুল আহসান তিউমেন সফর করেন। রাশিয়ার বাজারে বাংলাদেশের রপ্তানিযোগ্য পণ্য এবং শ্রমশক্তি রপ্তানীর বাজার অন্বেষণ ও প্রসার কার্যক্রমের অংশ হিসেবে রাশিয়ার বিভিন্ন অঞ্চল সফরের ধারাবাহিকতায় তিউমেন অঞ্চলকে বেছে নেয়া হয়। তিউমেন অঞ্চলটিকে বৃহত্তর সাইবেরিয়ার প্রবেশদ্বার ধরা হয়; যেখানে রাশিয়ার সবচেয়ে বড় জ্বালানির মজুদ রয়েছে। এছাড়াও ভৌত অবকাঠামো নির্মাণ প্রকল্প গ্রহণের কারণে এই অঞ্চলে ব্যাপকভাবে দক্ষকর্মীর চাহিদা তৈরি হয়েছে। গত ৩০/১১/২০২৩ তারিখে গভর্নর আলেকজান্ডার মুর এর সাথে রাষ্ট্রদূত কামরুল আহসান এর অনুষ্ঠিত বৈঠকে রাশিয়ায় বাংলাদেশের শ্রমশক্তি রপ্তানি এবং দ্বিপাক্ষিক বাণিজ্যের বিভিন্ন দিক গুরুত্বসহকারে আলোচিত হয়। বাংলাদেশ থেকে শ্রমশক্তি নিয়োগের বিষয়কে গুরুত্বপূর্ণ বিবেচনাপূর্বক রাষ্ট্রদূত বাংলাদেশি অভিবাসী কর্মীদের বিশ্বব্যাপী সফল কার্যক্রমের উপর একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন করেন। বিস্তারিত আলোচনা শেষে তিউমেন অঞ্চলে নির্মাণখাতে বাংলাদেশ থেকে দক্ষ কর্মী নেয়ার বিষয়ে ঐক্যমত্য হয় এবং জনশক্তি রপ্তানীর প্রাথমিক পর্যায়ে বাংলাদেশ সরকার নিয়ন্ত্রিত বিদেশে কর্মী প্রেরণকারী প্রতিষ্ঠানের মাধ্যমেই সকল নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হবে মর্মে সিদ্ধান্ত হয়। আনুষ্ঠানিক বৈঠকের পরদিন ০১/১২/২০২৩ তারিখে এখানে অনুষ্ঠিত “এক্সপোর্ট হরাইজন ফ্রম আফ্রিকা টু এশিয়া” শীর্ষক আন্তর্জাতিক ফোরামের প্লেনারী সেশনে ডেপুটি গভর্নর আন্দ্রে পাস্তিলিয়েভ সরকারিভাবে বাংলাদেশ থেকে কর্মী নিয়োগের ঘোষণা করেন।

এছাড়াও বৈঠকে রাষ্ট্রদূত কামরুল আহসান বাংলাদেশ হতে রাশিয়ায় রপ্তানিযোগ্য সম্ভাব্য পণ্যসমূহ যেমন: তৈরি পোশাক, ঔষধ, ইলেক্ট্রনিক্স, ফল ও শাকসবজি, প্লাস্টিক, চামড়া, চামড়াজাতপণ্য প্রভৃতি তুলে ধরেন। দ্বিপাক্ষিক বাণিজ্যের বিভিন্ন অনুসংগ যেমন ভিসা জটিলতা, ব্যাংকিং, পরিবহন, পর্যটন, বাণিজ্য মেলায় অংশগ্রহণ, ব্যবসায়ীদের মধ্যে যোগাযোগ প্রভৃতি বিষয়ও আলোচনায় স্থান পায়। বাংলাদেশের সাথে অধিকতর ব্যবসায়িক যোগাযোগ বৃদ্ধিতে তিউমেনের গভর্নর একটি বাণিজ্য প্রতিনিধি দলকে বাংলাদেশে প্রেরণের প্রতিশ্রুতি ব্যক্ত করেন। রাষ্ট্রদূত গভর্নর আলেকজান্ডার মুর কে তাঁর অঞ্চলের ব্যবসায়ী প্রতিনিধিদের ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা-২০২৪ এ অংশ নেয়ার আমন্ত্রণ জানান। বৈঠকে আরো উপস্থিত ছিলেন আঞ্চলিক সরকারের ডেপুটি গভর্নরবৃন্দ এবং দুতাবাসের কমাশিয়াল কাউন্সেলর মোল্লা সালেহীন সিরাজ।

দ্বিপাক্ষিক বৈঠক ছাড়াও উক্ত সফরে রাষ্ট্রদূত তিউমেনে তিনটি বিশ্ববিদ্যালয় পরিদর্শন করেন। এগুলো হল তিউমেন স্টেট মেডিকেল বিশ্ববিদ্যালয়, তিউমেন স্টেট বিশ্ববিদ্যালয় এবং তিউমেন ইন্সটিটিউট বিশ্ববিদ্যালয়। এ সকল বিশ্ববিদ্যালয়ের রেক্টরদের সাথে পৃথক পৃথক বৈঠকে বাংলাদেশি শিক্ষার্থীদের জন্য এখানে উচ্চশিক্ষার সম্ভাবনা ও সুযোগ, বৃত্তির সংখ্যা বৃদ্ধি এবং এই অঞ্চলে অবস্থিত বিশ্ববিদ্যালয়গুলোর সাথে বাংলাদেশি বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, গবেষণা, এক্সচেঞ্জ প্রোগ্রামসহ সম্ভাব্য সহযোগিতার অন্যান্য বিষয়েও বিস্তারিত আলোচনা হয়।

